

১০ . পীতাম্বরের অন্যান্য রচনা

এ পর্যন্ত পীতাম্বরের চারিখানি কাব্যের সন্ধান পাওয়া গিয়াছে—
(১) পোবিন্দবিজয় , (২) মর্কটমার্ক-উয় পুরাণ , (৩) উষাপরিণয়
ও (৪) বলদময়ুতী-উপাখ্যান । খান চৌধুরী আযানতউল্লা জাহ্মেদ
কোচবিহারের রাজকীয় গ্রন্থাগারের সমিতি হস্তলিখিত পুথির যে তালিকা
উল্লেখ করিয়াছেন তাহাতে পীতাম্বর-রচিত ভাগবতের প্রথম স্কন্ধের
নাম পাওয়া যায় ।^১ ড: মহেশ্বর নেওগ লিখিয়াছেন— 'এ সময়ত
কোচবেহার রাজকীয় পুথিভঁরানত সংরক্ষিত পীতাম্বরের প্রথম স্কন্ধ
ভাগবতের নামযাত্র পূনা পৈছে ।'^২ ড: মহেশ্বর নেওগ সম্ভবতঃ
আযানতউল্লা জাহ্মেদ-প্রদত্ত তালিকা হইতেই উক্ত কাব্যের নাম পুনিয়া
থাকিবেন । আযানতউল্লা জাহ্মেদ উক্ত পুথি মুচুফে দেখিয়াছিলেন কিনা
জানা যায় না । বর্তমানে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় গ্রন্থাগারের পীতাম্বরের যাত্র
তিনখানি পুথি আছে— ভাগবত প্রথম স্কন্ধের একখানি (পুথিসংখ্যা ৫৮)
এবং মার্কট-উয়-পুরাণের দুইখানি (পুথিসংখ্যা ৮ ও ১৩) । ভাগবত
প্রথম স্কন্ধের কোন পুথির সন্ধান নাই । সুতরাং পীতাম্বর-রচিত উক্ত
কাব্য সম্পর্কে কিছুই জানিবার উপায় রাখিল না । পীতাম্বরের একযাত্র
'উষাপরিণয়' কাব্যখানিই জাত্য পর্যন্ত প্রকাশিত হইয়াছে । প্রকাশিত
কাব্যের সম্পাদক ড: মহেশ্বর নেওগ । অবশ্য প্রায় তর্ক সত্যাদি পূর্বে
নিভার্খারায় দাস কর্তৃক উক্ত কাব্যখানি প্রথম যুক্তিতাকার প্রকাশ লাভ
করে । বর্তমানে সে গ্রন্থ দুঃপ্রাপ্য । ড: নেওগ উক্ত যুক্তিত গ্রন্থ

১. কোচবিহারের ইতিহাস (পৃ: ১৩১ - ১৩২ , পাদটীকা)

২. উষা-পরিণয় (উয় সং) , উঃমিকা , পৃ: ১৬

(একশ বিশ)

এক জামায় সরকারের ইতিহাস ও পুরাতত্ত্ব বিভাগের পুথিশালায় সংরক্ষিত ১৩০, ৪৮২ ও ৪৮৪ সংখ্যক পুথি জবনন্দনে তাঁহার গ্রন্থ সম্পাদনা করেন। 'নন্দময়্যুতী-উপাখ্যানের' একখানি পুথি ডঃ সুকুমার সেন রূপূর জেনা হইতে সংগ্রহ করিয়াছিলেন।

বিশুসিংহের পুত্র সম্বরসিংহের আদেশে পীতাম্বর 'যার্কডেয় পুরাণ' রচনা করেন। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় গ্রন্থাগারে রক্ষিত পুথি দুইখানিতে যে রচনাকালের উল্লেখ আছে^৭ তাহাতে কাব্যরচনার কাল ১৬০২ খৃষ্টাব্দ দাঁড়ায়। কিন্তু পীতাম্বরের অন্যান্য কাব্যের রচনাকালের সঙ্গে উক্ত সনের ব্যবধান এত বেশি যে উল্লিখিত রচনাকাল-ভাপক শ্লোকের যথার্থতা সন্দেহ জাগে। তাহা ছাড়া ১৬০২ খৃষ্টাব্দে বিশুসিংহের জীবিত থাকিবার কথা নয়। অথচ পীতাম্বর তাঁহার কাব্যে কামতানগরের রাজা বিশুসিংহের নাম করিয়াছেন। পীতাম্বর রাজা বিশুসিংহের সভাকবি হইলে উল্লিখিত সনটি (১৬০২ খৃঃ) সঠিক বলিয়া গ্রহণ করা চলে না। ডঃ সুকুমার সেন উক্ত কাব্যের রচনাকালভাপক শ্লোকের পাঠ সংশোধন করিয়া 'পঞ্চ বাণ বেদ জার শশাজ্ঞ শকত' পড়িবার পুস্তক দিয়াছেন। ইহাতে পাঠ্য্যায় ১৪৫২ শক বা ১৫৩০ খৃষ্টাব্দ। এই সনটি সম্ভাব্য বলিয়া ধরিয়া লইতে পারি।

'উষা-পরিণয়'-এর রচনাকাল ১৪৫৫ শক বা ১৫৩৩ খৃষ্টাব্দ।^৪

ভাপবত ও হরিবংশ জবনন্দনে কাব্যখানি রচিত হয়। হরিবংশের ১১৬৭-১২৮৭ অধ্যায়ের উষা-পরিণয়ের প্রণয়কথা এবং ভাপবতের

৩. বেদ পঞ্চ বাণ জার শশাজ্ঞ শকত।

৪. বাণযুত বাণ বেদ শশাজ্ঞ প্রযুক্ত।

(একশ একশ)

দশম শতকের চন্দ্রগুপ্ত উদ্বাহ-উনিরুদ্ভের উপাখ্যান এই কাব্যের
বিষয়বস্তুর মূল ।

'নলদময়ন্তী-উপাখ্যান'-এর বিষয়বস্তু মহাভারত হইতে পৃথক ।
এই কাব্য সম্পর্কে আজ পর্যন্ত কোন আলোচনা হয় নাই । কাব্যখ্যানের
স্থান সর্বপ্রথম পাওয়া যায় ডঃ সুকুমার সেনের নিকট হইতে ।^৫
তিনি রংপুর জেলা হইতে উহার একখানি অনুলিপি সংগ্রহ করিয়াছিলেন ।
পুথিখানি আদ্যন্ত খণ্ডিত । কাব্যের রচনাকাল ১৪৬৬ শক বা ১৫৪৪
খৃষ্টাব্দ ।

৫. দুঃ 'বাঙ্গালা সাহিত্যের ইতিহাস' (৪র্থ সং, ১ম পূর্বাধ, পৃ: ২৬২)